বাংলাদেশসহ ৬ দেশের ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নিল সিঙ্গাপুর

চেম্বার ডেস্ক:: সিঙ্গাপুরের স্বাস্থ্য মন্ত্রণালয় শনিবার এক বিবৃতিতে জানিয়েছে, বাংলাদেশসহ ৬ দেশের নাগরিকদের ওপর ভ্রমণ নিষেধাজ্ঞা প্রত্যাহার করছে দেশটি। আগামী ২৬শে অক্টোবর থেকে কার্যকর হবে নতুন এই সিদ্ধান্ত ।

বাংলাদেশসহ ছয় দেশের নাগরিকদের জন্য ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নেয়ার ঘোষণা দিয়েছে সিঙ্গাপুর। একই সঙ্গে মালয়েশিয়া ও ইন্দোনেশিয়াসহ বেশ কয়েকটি দেশের জন্য করোনা পরীক্ষার কড়াকড়ি ও কোয়ারেন্টিনে থাকার বিধিনিষেধও শিথিল করা হয়েছে।

করোনা পরিস্থিতি পর্যালোচনার পর এসব দেশের নাগরিকদের জন্য ভ্রমণের ওপর আরোপিত বিধিনিষেধ প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে সিঙ্গাপুর ।

দেশগুলো হলো: বাংলাদেশ, ভারত, মিয়ানমার, নেপাল, পাকিস্তান ও শ্রীলঙ্কা। এসব দেশের ভ্রমণকারীরা সিঙ্গাপুরে প্রবেশ অথবা ট্রানজিট নিতে পারবেন। তবে এ জন্য সিঙ্গাপুরে যাওয়ার আগে ১৪ দিনের ভ্রমণের ইতিহাস সম্পর্কে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

ভ্রমণকারীরা সিঙ্গাপুরের চতুর্থ শ্রেণির সীমান্ত বিধিনিষেধের আওতায় পড়বেন। এসব বিধিনিষেধের মধ্যে দেশটিতে পৌঁছানোর পর সরকারি স্থাপনায় ১০ দিনের কোয়ারেন্টিনে থাকার নির্দেশনা রয়েছে।

মালয়েশিয়া, কম্বোডিয়া, মিসর, হাঙ্গেরি, ইন্দোনেশিয়া, ইসরায়েল, মঙ্গোলিয়া, কাতার, রুয়ান্ডা, সামোয়া, সেচেলস, দক্ষিণ আফ্রিকা, টোঙ্গা, সংযুক্ত আরব আমিরাত (ইউএই) এবং ভিয়েতনামকে তৃতীয় শ্রেণির সীমান্ত বিধিনিষেধের আওতায় রাখা হয়েছে।

২৬শে অক্টোবর থেকে এসব দেশের পর্যটকরা তাদের নিজেদের আবাসস্থলে

অথবা বাসায় ১০ দিনর কোয়ারেন্টিন পালন করতে পারবেন।